**একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত হবে**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৪.১৪.০০৮.১৯-১৫

তারিখ : ০২ মাঘ ১৪২৬ / ১৬ জানুয়ারি ২০২০

বিষয় : "খুলনা জেলা কারাগার নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন কারা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "খুলনা জেলা কারাগার নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভা গত ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন অত্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের সচিব জনাব মোঃ শহিদুজ্জামান। সভার কার্যবিবরণী পরবর্তী কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

25/03/2020

(শিরিন আখতার)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৪. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (কারা), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. বিভাগীয় প্রধান, এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৯. কার মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশি বাজার, ঢাকা।
১০. যুগ্ম সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পিওবিপ্র), গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. উপপ্রধান, পরিকল্পনা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৪. প্রকল্প পরিচালক, "খুলনা জেলা কারাগার নির্মাণ" শীর্ষক প্রকল্প, কারা অধিদপ্তর, ঢাকা।
১৫. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১, এবং ২, খুলনা।

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরিকল্পনা শাখা
www.ssd.gov.bd

'খুলনা জেলা কারাগার নির্মাণ (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শহিদুজ্জামান<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| সভার তারিখ | : | ৩১ ডিসেম্বর ২০১৯ |
| সময় | : | বেলা ১২.০০ মিনিট |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযোজিত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের বিষয়ে অনুমোদিত ওয়ার্ক প্ল্যান অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান।

০২। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন:
গত ১২/১২/২০১৮ তারিখে অনুষ্ঠিত পিএসসি সভার কার্যবিবরণী পাঠান্তে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা:
বিগত ১২/১২/২০১৮ তারিখে অনুষ্ঠিত পিএসসি সভায় প্রকল্পের কোন্ কর্তৃপক্ষের আদেশে কী কী পরিবর্তন করা হয়েছে তার ব্যাখ্যা চাওয়া, প্রকল্প মেয়াদ ০১ বছর বৃদ্ধি করা, বাস্তব চাহিদার প্রেক্ষিতে প্রকল্প প্রস্তাব সংশোধনের উদ্যোগ গ্রহণ করা, সকল প্যাকেজের কার্যাদেশ প্রদান করা, মন্ত্রণালয়/কারা অধিদপ্তর/স্বাস্থ্য অধিদপ্তর এবং গণপূর্ত বিভাগের প্রতিনিধিবৃন্দের সমন্বয়ে টিম গঠন করে মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করা ইত্যাদি বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত টিম গত ২৭/০৩/২০১৯ তারিখে প্রতিবেদন দাখিল করে। গত ১৭/১০/২০১৯ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের পিআইসি সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(১) মাস্টার ড্রেনের আউটলেট পয়েন্টের জন্য ড্রেন নির্মাণ উপলক্ষে জমির পরিমান ও মূল্য নির্ধারণ করা;
(২) পুরুষ সাক্ষাৎকার ভবন ও মহিলা সাক্ষাৎকার ভবন যথাক্রমে ভার্টিক্যাল ও সাইড এক্সটেনশন করা;
(৩) জেল সুপারের জন্য পৃথক আবাসিক ভবন না করা এবং পরিদর্শন বাংলোর সংস্থান রাখা;
(৪) এলপিজি'র জন্য ৫০ শতক জমি অধিগ্রহণের ব্যবস্থা করা;
(৫) গণপূর্ত বিভাগের অফিসসহ গোডাউন নির্মাণ এবং গ্যালোসের চারদিকে শেড নির্মাণ করা ;
(৬) ওয়াটার ট্রিটমেন্ট এর সংস্থান, আন্ডারগ্রাউন্ড বৈদ্যুতিক লাইন এর সংস্থান সংশোধিত ডিপিপি'তে অন্তর্ভুক্ত করা;
(৭) ০৬ তলা ভবন ভিত বিশিষ্ট ০৪ তলা ফুল ভবন নির্মাণ করা (প্রতি ফ্লোর ৯১৫ বর্গমিটার) এবং ০৬টি গাড়ি রাখার স্পেসসহ ০১ তলা গ্যারেজ নির্মাণ করা;
(৮) মাদকাসক্তবন্দিদের জন্য আলাদা ফ্লোরের সংস্থান রেখে ০৫ তলা ভিত বিশিষ্ট ০৫ তলা ভবন নির্মাণ;
(৯) ০৪টি ভবনের ভবিষ্যৎ সম্প্রসারণ এ মুহর্তে প্রয়োজন নেই। আরসিসি ড্রেন নির্মাণ করা তবে শাখা ড্রেন আরসিসি'র পরিবর্তে ব্রিক নির্মাণ হবে;
(১০) এসটিপি নির্মাণ বাবদ পরামর্শক নিয়োগ করা। পেরিমিটারের ভিতরে ও বাইরে যথাক্রমে ০১টি ও ০২টি পাম্প হাউজ ও রিজার্ভার নির্মাণ করা;
(১১) সেগ্রিগেশন ওয়াল নির্মাণ এবং আর্কিটেক্ট এর জন্য প্রয়োজনীয় ম্যানমাস্থের সংস্থান রাখা;
(১২) প্রকল্প সংশোধনের জন্য জরুরি ভিত্তিতে ডিপিপি পুনর্গঠন করা;
(১৩) ০১ মাসের মধ্যে প্রকল্প সাইটে পিআইসি সভার আয়োজন করা।

০৪। আলোচনায় অংশ নিয়ে গণপূর্ত বিভাগের প্রতিনিধি জানান যে, ০৫ সদস্য বিশিষ্ট পরিদর্শনকারী টিমের সুপারিশ এবং পিআইসি সভার সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি সংশোধন করতে বেশ সময়ের প্রয়োজন হবে। এ প্রেক্ষিতে প্রকল্পের মেয়াদ ০২ (দুই) বছর বৃদ্ধি করার জন্য তিনি প্রস্তাব করেন।

০৫। আইএমইডি'র প্রতিনিধি জানান, ইতোপূর্বে আইএমইডি হতে এ প্রকল্পের কাজ পরিদর্শন করে কতিপয় পরামর্শ প্রদান করা হয়েছে। এ সব সুপারিশ ডিপিপি পুনর্গঠনকালে অন্তর্ভুক্ত করার জন্য তিনি অনুরোধ জানান। আইএমইডি'র সুপারিশ আরডিপিপি'তে অন্তর্ভুক্তকরণসহ সুরক্ষা সেবা বিভাগ, আইএমইডি এবং পরিকল্পনা কমিশনের প্রতিনিধি সমন্বয়ে টিম গঠন করে প্রকল্প এলাকা পরিদর্শনপূর্বক টিমের সুপারিশও অন্তর্ভুক্ত করার জন্য সভাপতি কারা অধিদপ্তরের প্রতি আহবান জনান। আলোচনায় অংশ নিয়ে অর্থ বিভাগের প্রতিনিধি প্রকল্পের প্যাকেজের সংখ্যা হ্রাস করার বিষয়ে মতামত ব্যক্ত করেন। পরিকল্পনা কমিশনের প্রতিনিধি প্রকল্পের প্রত্যেক খাতে ব্যয় নির্বাহ বিবরণ, ক্রয় পরিকল্পনা এবং প্রকল্প প্রস্তাব সংশোধনের কারণ সম্পর্কে বিস্তারিতভাবে আরডিপিপি'তে উল্লেখ করার জন্য অনুরোধ জানান।

০৬। <u>বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:</u>

(৬.১) পরিদর্শন টিমের সুপারিশ এবং পিআইসি সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পের ডিপিপি পুনর্গঠনের লক্ষ্যে প্রকল্প মেয়াদ ০২ বছর বৃদ্ধি করার উদ্যোগ গ্রহণ করা;

(৬.২) সুরক্ষা সেবা বিভাগ, আইএমইডি এবং পরিকল্পনা কমিশনের প্রতিনিধিদের সমন্বয়ে টিম গঠনপূর্বক প্রকল্পের কাজ পরিদর্শন করে প্রতিবেদন উপস্থাপন করা;

(৬.৩) পরিদর্শন টিমের সুপারিশ, পিআইসি সভার সিদ্ধান্ত, আইএমইডি'র প্রতিনিধির পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসহ সুরক্ষা সেবা বিভাগ/আইএমইডি/পরিকল্পনা কমিশন এর প্রতিনিধি সনম্বয়ে যে টিম গঠন করা হবে সেই টিমের সুপারিশও আরডিপিপি'তে অন্তর্ভুক্ত করা;

(৬.৪) প্রত্যেক খাতের ব্যয় বিবরণ, ক্রয় পরিকল্পনা এবং ডিপিপি সংশোধনের কারণ বিস্তারিতভাবে উল্লেখ করা;

(৬.৫) গুনগতমান নিশ্চিত করে কার্যাদেশ প্রদানকৃত প্যাকেসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্নের বিষয়ে জরুরি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

০৭। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: শহিদুজ্জামান)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
<u>পরিকল্পনা শাখা-১</u>

৩১ ডিসেম্বর ২০১৯ তারিখ রোজ মঙ্গলবার দুপুর ১২.০০ ঘটিকায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় কারা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "খুলনা জেলা কারাগার নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

| ক্র: নং | নাম ও পদবি | প্রতিষ্ঠানের নাম | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | ব্রি: জে: [illegible] অতিঃ আই জি প্রিজনস | কারা অধিদপ্তর | 01769290000 | [signature] |
| ২. | সৈয়দ বেলাল হোসেন অতিরিক্ত সচিব | SSD | 01711435104 | [signature] |
| ৩. | উম্মে হাবিবা, ডি. সহ. প্র. | কার্যক্রম বিভাগ | 01752084216 | [signature] |
| ৪. | [illegible] সিঃ সহঃ প্রধান | [illegible] | 01726329838 | [signature] |
| ৫. | মো: মিজানুর রহমান উপ সচিব | SSD | 01754191151 | [signature] |
| ৬. | মাহমুদা মাসুম সিনিয়র সহকারী প্রধান | ভৌত অবকাঠামো | 01716827775 | [signature] |
| ৭. | মো: আবু কায়েস আহমদ সহকারী সচিব | পরিকল্পনা শা: (একনেক ও সমন্বয়) | 01813350646 | [signature] ৩১/১২/১৯ |
| ৮. | মো: [illegible] উপ-বিভাগীয় প্রকৌশলী গণপূর্ত বিভাগ-২, খুলনা | PWD. | 01712802309 | [signature] 31/12/19 |
| ৯. | আব্দুল্লাহ আল মামুন নির্বাহী প্রকৌশলী | গণপূর্ত অধিদপ্তর | 01817549415 | [signature] 31/12/19 |
| ১০. | নুসরাত জাহান নির্বাহী স্থপতি | স্থাপত্য অধিদপ্তর | 01714241402 | [signature] 31.12.19 |
| ১১. | এস এম শাহীন পারভেজ PD, খুলনা জেলা কারাগার নি: প্র: | কারা অধি: | 01766445801 | [signature] 31.12.19 |
| ১২. | মো: সাইফুল ইসলাম পরিচালক | IMED | 01798-753951 | [signature] ৩১/১২/১৯ |
| ১৩. | সতী নাথ বসাক তত্ত্বাবধায়ক প্রকৌশলী | PWD, Khulna | [illegible] | [signature] ৩১/১২/১৯ |

| ক্র: নং | নাম ও পদবি | প্রতিষ্ঠানের নাম | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৪. | মোঃ মনজারুল মান্নান<br>যুগ্ম সচিব, | অর্থ বিভাগ | 01711970906 | [illegible] |
| ১৫. | শরীফ মোহাম্মদ ইমরুল হক<br>সিনিয়র সহকারী সচিব (উপসচিব) | SSD, MoHA | 01727202762 | [illegible] |
| ১৬. | | | | |
| ১৭. | | | | |
| ১৮. | | | | |
| ১৯. | | | | |
| ২০. | | | | |
| ২১. | | | | |
| ২২. | | | | |
| ২৩. | | | | |
| ২৪. | | | | |
| ২৫. | | | | |
| ২৬. | | | | |
| ২৭. | | | | |